বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

১৪/৬ - ১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬

ফোন- ০১৭৬৯-৭২১০১০, ফ্যাক্স- ০৯৬০৬২৪৮২৪৮

ওয়েবঃ www.bsmrmu.edu.bd, ই-মেইল: regoffice@bsmrmu.edu.bd

বিজ্ঞপ্তি নম্বরঃ বিএসএমআরএমইউ/রেজি-৩১১/১৭/০২ তারিখঃ ২৩/০৫/২০১৭

সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ২০১৩ সনের ৪৭ নং আইন দ্বারা প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর জন্য নিম্নবর্ণিত পদসমূহে অস্থায়ীভাবে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে:

ক্রমিক নং	পদের নাম (বেতনক্রম), পদসংখ্যা	সর্বোচ্চ বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	সহকারী প্রকৌশলী (সিভিল)-০১ (২২০০০-৫৩০৬০/-)	৩০ বৎসর	(ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/অধিক যোগ্যতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য; (খ) **অভিজ্ঞতা:** কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য; (গ) সংশ্লিষ্ট বিষয়ে সমযোগ্যতা সম্পন্ন অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) কর্মকর্তাগণ আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য।
২.	প্লানিং অফিসার -০১ (২২০০০-৫৩০৬০/-)	৩০ বৎসর	(ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার/ইউআরপি-এ স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/যোগ্যতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য; (খ) **অভিজ্ঞতা:** কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য; (গ) সংশ্লিষ্ট বিষয়ে সমযোগ্যতা সম্পন্ন অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) কর্মকর্তাগণ আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য।
৩.	সহকারী এস্টেট অফিসার-০১ (১৬,০০০-৩৮,৬৪০/-)	৩০ বৎসর	(ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন/উন্নয়ন ও স্থাবর সম্পদ ব্যবস্থাপনা বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক/সম্মান ডিগ্রি। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য; (খ) **অভিজ্ঞতা:** কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে নূন্যতম ৪ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। (গ) সমযোগ্যতা সম্পন্ন অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য।
৪.	সহকারী যানবাহন কর্মকর্তা-০১ (১৬,০০০-৩৮,৬৪০/-)	৩০ বৎসর	(ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/কারিগরী শিক্ষা বোর্ড হইতে অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং-এ ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা; (খ) **অভিজ্ঞতা:** কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে যানবাহন রক্ষণাবেক্ষণে ন্যূনতম ৪ বৎসরের চাকুরির অভিজ্ঞতা থাকিতে হইবে; (গ) সংশ্লিষ্ট বিষয়ে সমযোগ্যতা সম্পন্ন অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য।
৫.	সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা-০১ (১৬,০০০-৩৮,৬৪০/-)	৩০ বৎসর	(ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাব বিজ্ঞান/ফাইন্যান্স/ম্যানেজমেন্ট/মার্কেটিং/ব্যবসায় শিক্ষা বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী স্নাতক ডিগ্রি। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য; (খ) **অভিজ্ঞতা:** কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে হিসাব সংরক্ষণ কাজে ৪ বৎসর চাকুরির অভিজ্ঞতা; (গ) সংশ্লিষ্ট বিষয়ে সমযোগ্যতা সম্পন্ন অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য।
৬.	স্টোর কিপার-০১ (১২,৫০০-৩০,২৩০/-)	৩০ বৎসর	**(ক) শিক্ষাগত যোগ্যতা:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি; (খ) **অভিজ্ঞতা:** কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে; (গ) সংশ্লিষ্ট বিষয়ে সমযোগ্যতা সম্পন্ন অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য।
৭.	ড্রাফটসম্যান-০১ (১১,০০০-২৬,৫৯০/-)	৩০ বৎসর	(ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক/সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্সে উত্তীর্ণ; (খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে; (গ) সংশ্লিষ্ট বিষয়ে সমযোগ্যতা সম্পন্ন অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য।

শর্তাবলী:

১। আগ্রহী প্রার্থীদের স্বহস্তে পূরণকৃত আবেদনপত্র ২০ জুন, ২০১৭ তারিখ, অফিস সময় (০৮০০-১৪৪০ ঘটিকা)-এর মধ্যে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬ ঠিকানায় পৌঁছাইতে হইবে। আবেদন ফরম সমূহ এই বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.bsmrmu.edu.bd বা রেজিস্ট্রার অফিস হইতে সংগ্রহ করা যাইবে। প্রার্থীত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে উল্লেখ করিতে হইবে। আবেদনপত্রের সাথে প্রার্থীর বর্তমান ঠিকানাসহ ১০ টাকার ডাকটিকেট সম্বলিত ফেরত খাম সংযুক্ত করিতে হইবে।

২। **বিএসএমআরএমইউ জেনারেল ফান্ড**-এর অনুকূলে যে কোন তফশিলী ব্যাংক হইতে **১-২ নং** পদের জন্য ৮০০/০০ (আটশত), **৩-৫ নং** পদের জন্য ৫০০/০০ (পাঁচশত), **৬-৭ নং** পদের জন্য ২০০/০০ (দুইশত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট (অফেরতযোগ্য) আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করিতে হইবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখা, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে।

৩। প্রার্থীকে আবেদনপত্রের সাথে সদ্যতোলা ৫ সে.মি. x ৫ সে.মি. সাইজের ০৩ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি এবং অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি ব্যতীত অন্য কোন কাগজপত্র জমা দিতে হইবে না। তবে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইলে/বাছাই বোর্ডের সাক্ষাৎকারের পূর্বে প্রয়োজনীয় কাগজ পত্র জমা দিতে হইবে।

৪। মুক্তিযোদ্ধা,শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা কোটার প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদের সত্যায়িত কপি ও অন্যান্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইলে/বাছাই বোর্ডের সাক্ষাৎকারের পূর্বে জমা দিতে হইবে। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা অনুসরণ করা হইবে।

৫। আবেদন পত্র জমাদানের সর্বশেষ তারিখে প্রার্থীর বয়ঃসীমা সর্বোচ্চ সীমার মধ্যে থাকিতে হইবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে নির্ধারিত বয়সসীমা বিধিমতে শিথিলযোগ্য। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতর পদে আবেদনের জন্য বয়ঃসীমা প্রযোজ্য নহে। বিভাগীয় প্রার্থী বলতে এই বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট পদে কর্মরত স্থায়ী কর্মকর্তা/কর্মচারী।

৬। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হইবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৭। অত্র বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নের মাধ্যম ইংরেজী বিধায় প্রার্থীগণকে ইংরেজীতে পারদর্শী হইতে হইবে।

৮। শিক্ষা প্রতিষ্ঠানের অভিজ্ঞতার ক্ষেত্রে নূন্যতম স্নাতক ডিগ্রী প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠানে চাকুরির অভিজ্ঞতা গ্রহণযোগ্য হইবে।

৯। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার তারিখ ডাকযোগে পত্র মারফত এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে।

১০। গ্রেডিং পদ্ধতির সঙ্গে বিভাগ/শ্রেণির সমতাকরণের ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার জিপিএ'র জন্য শিক্ষা মন্ত্রণালয়ের-শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২ মার্চ ২০১০ এবং বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার সিজিপিএ'র জন্য শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২ জুন ২০০৯-এর (২) (ক), (খ) ও (গ) অনুসৃত হইবে।

১১। **চাকুরীরত প্রার্থীদের অবশ্যই স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।**

১২। উপরোল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি পাইতে পারে।

Farhad Alm

রেজিস্ট্রার
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ